

সাক্ষরতা দিবসে প্রধানমন্ত্রীর বাণী

# শিক্ষা বিস্তারে ঐক্যবদ্ধ প্রচেষ্টা দরকার

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সকল সমাজ সেবামূলক সংগঠন ও দলমত নির্বিশেষে সকল সচেতন নাগরিকের প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে বলেন, শিক্ষা বাংলাদেশী নাগরিকদের শাসনতান্ত্রিক অধিকার। এ অধিকার প্রতিষ্ঠায় সরকারের গৃহীত কর্মসূচীর পাশাপাশি সকলকে এগিয়ে আসতে হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রদত্ত বাণীতে এ আহ্বান জানান।

প্রধানমন্ত্রী প্রদত্ত বাণীতে বলেন, শিক্ষার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিশ্বব্যাপী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ৮ সেপ্টেম্বর

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। বাংলাদেশের প্রেক্ষাপটে এ দিবসটি অধিকতর তাৎপর্যপূর্ণ। দেশ ও জাতির সার্বিক উন্নয়নের প্রধান অন্তরায় নিরক্ষর সমাজ। সাক্ষর সমাজ ব্যতীত মেধাবী, উত্তম ও উদ্যোগী মানবসম্পদ সৃষ্টি সম্ভব নয়। বাংলাদেশের বিরাট জনসংখ্যাকে সুশিক্ষিত করে তোলার মাধ্যমে মানব সম্পদ সৃষ্টি করে জাতীয় উন্নয়নের প্রধান শক্তি হিসাবে ব্যবহার করা সম্ভব। এ পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস কার্যকরভাবে পালন করা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

(৮-এর পৃঃ ১-এর কঃ দঃ)

## শিক্ষা বিস্তারে ঐক্যবদ্ধ

(প্রথম পৃষ্ঠার পর)

তিনি আরো বলেন, বর্তমান সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করে সকল শিশুর প্রাথমিক শিক্ষা সমাপ্ত করার উদ্যোগ নেয়া হয়েছে। অনগ্রসর, দরিদ্র, সুযোগ বঞ্চিত শিশুদেরকে আগ্রহী করতে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী গ্রহণ করা হয়েছে। যারা শিশুকালে শিক্ষা গ্রহণ করতে পারেনি বা শিক্ষা হতে বঞ্চিত হয়েছে তাদেরকেও শিক্ষিত করে তুলতে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নারী শিক্ষা প্রসারের জন্য মাধ্যমিক স্তরে বৃত্তি ও উপবৃত্তির প্রবর্তন করা হয়েছে। সর্বোপরি, দু'হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন কর্মসূচী গ্রহণ করার ফলে ইতিমধ্যে এ ক্ষেত্রে সফল পরিলক্ষিত হচ্ছে।

প্রদত্ত বাণীতে খালেদা জিয়া বলেন, দেশব্যাপী শিক্ষার আলো ছড়িয়ে দিতে হলে সকল শ্রেণীর জনগণের ঐক্যবদ্ধ প্রয়াস প্রয়োজন, না হলে বিশ্বের অগ্রগতির মিছিলে আমরা শুধু পিছিয়েই পড়বো। শিক্ষা বাংলাদেশী নাগরিকদের শাসন-তান্ত্রিক অধিকার। এ অধিকার প্রতিষ্ঠিত করার জন্য সরকারের গৃহীত কর্মসূচীর পাশাপাশি সকল সমাজ, সেবামূলক সংগঠনসহ দলমত নির্বিশেষে সকল সচেতন নাগরিককে এগিয়ে আসার জন্য আমি উদাত্ত আহ্বান জানাচ্ছি। তিনি বলেন, আসুন, আমাদের প্রিয় মাতৃভূমির প্রতিটি মানুষকে শিক্ষিত করে গড়ে তুলতে আমাদের সকল প্রচেষ্টা নিয়োজিত করি। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালনের মাধ্যমে এই চেতনা সকলের মধ্যে সঞ্চারিত হোক-এই কামনা করি। স্বল্প অর্থ বিবরণী।